

যুগান্তর

প্রিন্ট: ০৩ জুলাই ২০২৫, ১২:৫১ পিএম

শিক্ষাঙ্গন

শেখুবি শিবিরের ‘জুলাই স্মৃতি প্রতিযোগিতা ২০২৫’ আয়োজন



শেখুবি প্রতিনিধি

প্রকাশ: ০৩ জুলাই ২০২৫, ১২:৪৩ পিএম

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

জুলাই ছাত্র-জীবনের অভ্যুত্থানের বর্ষপূর্তি উপলক্ষ্যে

জুলাই স্মৃতি প্রতিযোগিতা ২০২৫

ক্যাটাগরি - ১

- ✓ জুলাই গণঅভ্যুত্থানের স্মৃতিচারণ
- ✓ জুলাই গণঅভ্যুত্থান পরবর্তী প্রত্যাশা ও প্রতিশ্রুতি

ক্যাটাগরি - ২

- ✓ জুলাই গণঅভ্যুত্থানের আলোকচিত্র

পুরস্কার

ক্যাটাগরি - ১

১ম - ৫০০০৳
২য় - ২০০০৳
৩য় - ১০০০৳

ক্যাটাগরি - ২

প্রথম ৫ জনের প্রতিযোগিতার জন্য ৫০০৳ করে পুরস্কার

এছাড়া সেরা ৫টি লেখার জন্য ৫০০৳ করে পুরস্কার

অংশগ্রহণকারী সকলের জন্য রয়েছে শুভেচ্ছা উপহার

লেখা জমা দেয়ার
ত্রিভাঙ্গা

লেখা জমা দেয়ার
শেষ সময়

sauchhatrashibir@gmail.com

২২ মে জুলাই, ২০২৫

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির
শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়



ছবি: সংগৃহীত

জুলাই গণঅভ্যুত্থানের স্মৃতি সংরক্ষণ ও নবপ্রজন্মের মাঝে সেই ইতিহাস ছড়িয়ে দিতে ‘জুলাই স্মৃতি প্রতিযোগিতা ২০২৫’ আয়োজন করেছে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় শাখা ইসলামী ছাত্রশিবির।

বুধবার (২ জুলাই) শিবিরের বিশ্ববিদ্যালয় শাখার অফিশিয়াল ফেসবুক পেজে দেওয়া এক পোস্টের মাধ্যমে এ প্রতিযোগিতার ঘোষণা দেয় সংগঠনটি।

এতে বলা হয়, এ প্রতিযোগিতা দুটি ক্যাটাগরিতে অনুষ্ঠিত হবে। ক্যাটাগরি-১ থেকে সেরা ৩ জন এবং ক্যাটাগরি-২ থেকে সেরা ৫ জন বিজয়ীকে পুরস্কার দেওয়া হবে।

এছাড়াও অংশগ্রহণকারী প্রত্যেকের জন্য থাকবে বিশেষ শুভেচ্ছা উপহার। আগামী ২২ জুলাই এর মধ্যে নির্ধারিত বিষয় অনুযায়ী রচনা ও আলোকচিত্র জমা দেওয়ার আহ্বান জানানো হয়েছে।

শেকুবি ছাত্রশিবিরের সেক্রেটারি মেহেদী নাঈম বলেন, ৫ আগস্ট ২০২৪ ছিল বাংলাদেশের ইতিহাসে এক অবিস্মরণীয় দিন, যখন গণআন্দোলনের মুখে ফ্যাসিবাদী শাসকের পতনে জয় পায় জনতা। সেই স্মৃতিকে নতুন প্রজন্মের মাঝে জাগ্রত করতেই আমাদের এই আয়োজন। এটি শুধু প্রতিযোগিতা নয়, বরং আমাদের মুক্তি আন্দোলনের গৌরবময় পাঠ। ইতিহাসের আলোয় ভবিষ্যৎ নেতৃত্ব গড়ে উঠুক—এই কামনায় আমরা সামনে আরও উদ্যোগ নিতে চাই ইনশাআল্লাহ।